**বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি, ঢাকা**
বাড়িঃ ৭৫/এ, রোডঃ ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।

**বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির চিকিৎসা কেন্দ্রের ইমার্জেন্সি বিভাগে ১টি 12 Channel ECG Machine সরবরাহ - এর জন্য**

# কোটেশন বিজ্ঞপ্তি

আরএফকিউ নং ঃ 08/2023/Goods/08

তারিখ ঃ 23/08/2026

**বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি**
**অবসর ভবন**
ফোনঃ 222240190, 48122987, 222240189
E-mail: brgewa@gmail.com
www.brgewa.com

স্মারক নং- 08/2023.৭০৩(১৫) তারিখঃ ২৪/০৮/২০২৬

**“বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির চিকিৎসা কেন্দ্রের ইমার্জেন্সি বিভাগে ১টি 12 Channel ECG Machine সরবরাহ”- এর জন্য**

## কোটেশন বিজ্ঞপ্তি

কোটেশন নংঃ 08/2023/Goods/08 তারিখঃ ২৪/০৮/২০২৬

প্রতি

________________________________________

________________________________________

________________________________________

১। বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং সমিতি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২। সঠিক ও যথাযথভাবে কোটেশন দাখিল নিশ্চিতের লক্ষ্যে ইচ্ছুক দরপত্রদাতাগণকে সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট পণ্য ও সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে উৎসাহ প্রদান করা যাইতেছে।

৩। একক দরের ভিত্তিতে কোটেশন দাখিলের অনুরোধ করা যাইতেছে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খাম বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে **০১/০৯/২০২৬ তারিখ বিকাল ৩:৩০ ঘটিকায়** বা উহার পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে **“বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির চিকিৎসা কেন্দ্রের কার্ডিওলজি বিভাগে ১টি 12 Channel ECG Machine সরবরাহ”** এর জন্য কোটেশন এবং **০১/০৯/২০২৬ তারিখ বিকাল ৩:৩০ ঘটিকার** পূর্বে খোলা যাইবে না” লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৯২ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ৭ (সাত) দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম **৩০ (ত্রিশ)** দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাইবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১২। দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা যাইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৩। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর/ব্যবসা সনাক্তকরণ নম্বর (BIN) এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক স্বচ্ছলতার সনদ যাতে ন্যূনতম বিডিটি (অনুমানিক ব্যয়ের সত্তর শতাংশ (৭০%) সমপরিমাণ অর্থ) তরল সম্পদের হিসেবে প্রদর্শিত থাকবে- এর অনুলিপি দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৫। উদ্ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

১৬। দরদাতাগণের প্রস্তাবিত মূল্য ক্রয়কারী কর্তৃপক্ষের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ হলে, তা ২০২৫ সালের সরকারি ক্রয় বিধিমালা (Public Procurement Rules, 2025)-এর বিধি ২৫ ও ২৬ অনুসারে SLT (Significantly Low-priced Tender) হিসেবে পরীক্ষা করা হবে।

১৭। ক্রয় আদেশ জারির তারিখ হইতে **০৫ (পাঁচ)** কার্যদিবসের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করিবে।

স্বাক্ষরিত

**মোঃ ইসমাইল হোসেন**
(সাবেক অতিরিক্ত সচিব)
**প্রশাসক**

**<u>অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):</u>**

১। পরিচালক (স্বাস্থ্যসেবা ও কল্যাণ/প্রশাসন ও অর্থ), বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি।
২। ডাঃ মোঃ নাফিসুর রহমান, সিনিয়র কনসালটেন্ট কার্ডিওলজিস্ট, বিআরজিইডব্লিউএ চিকিৎসা কেন্দ্র।
৩। কম্পিউটার টেকনিশিয়ান (সমিতির ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৪। দায়িত্বরত/সংশ্লিষ্ট কর্মকর্তা, ধানমন্ডি বিক্রয়কেন্দ্র, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, ৮৫/সি, ৭৫/ডি, রোড: ৫/এ, ধানমন্ডি, ঢাকা (প্রচারের জন্য আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৫। প্রশাসনিক কর্মকর্তা-১ (সমিতি কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। সংশ্লিষ্ট বিক্রয়কারী/সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ।
৭। দাপ্তরিক নথি।

কোটেশন দাখিলপত্র
**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশন নম্বর : 08/2023/Goods/08 তারিখঃ

প্রতি
প্রশাসক
বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি
বাড়ি: ৭৫/এ, রোড: ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, সংশ্লিষ্ট পণ্য ও সেবা সরবরাহের শর্তাবলি অনুসারে **বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির চিকিৎসা কেন্দ্রের ইমার্জেন্সি বিভাগে ১টি 12 Channel ECG Machine সরবরাহ** এর জন্য প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা **[অংকে এবং কথায় উল্লেখ করুন]**।

আমার/আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকিবে এবং আমি/আমরা উহা মানিতে বাধ্য থাকিব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যেকোনো সময় ইহা গ্রহণ করা যাইবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের আপনার সহিত চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রহিয়াছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হই নাই। এতদ্ব্যতীত, আমি/আমরা অনুচ্ছেদ-২১ (খ) এ উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রহিয়াছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করিবার সময় এই ধরনের কার্যে জড়িত না হওয়ার অঙ্গীকার করিতেছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটির অধিক কোটেশন দাখিল করি নাই। আমি/আমরা অবগত যে, আপনাদের জারীকৃত ক্রয় আদেশ (Purchase/Delivery/Work Order) চুক্তি হিসেবে গণ্য হইবে এবং আমরা তা মানিতে বাধ্য থাকিব।

আমি/আমরা [তারিখ লিখুন] তারিখে আপনাদের জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ) পরীক্ষা করিয়াছি এবং এই সম্পর্কে আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের নিকট কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর
তারিখ :

# <u>পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল</u>

কোটেশন নম্বর : 08/2023/Goods/08 তারিখঃ

| ক্রমিক নং | আইটেম নং | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমাণ | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থল |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে/কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | ১ | **Supply, Installation, Testing, and Commissioning of 12-Channel Electrocardiograph (ECG) Machine.** | Set | ০১ | | | | **বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি।** বাড়ি: ৭৫/এ রোড: ৫/এ ধানমন্ডি আ/এ ঢাকা-১২০৯। |
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২ নং নোট দেখুন** | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা : | [পণ্যের গন্তব্যস্থান লিখুন] |
| মোট মূল্য: (টাকায়)<br>(কথায়) | [উল্লিখিত তফসিলের ৮ নম্বর কলমে উল্লিখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহের সময়সীমা : | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ হইতে] |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) : | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ হইতে সপ্তাহ অথবা দিন লিখুন;<br>প্রযোজ্য না হইলে তারিখ বা দিন উল্লেখ করিবার প্রয়োজন নাই] |

আমি/আমাদের দ্বারা এই মূল্য তফসিলের **[-----]** টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হইয়াছে। আমার/আমাদের প্রস্তাব <u>দিন/মাস/বৎসর</u> পর্যন্ত বৈধ **[কোটেশনের বৈধতার তারিখ লিখুন।]**

| | |
|---|---|
| **সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর** | তারিখ : দিন/মাস/বৎসর |
| দরপত্রদাতার নাম : | |

**টীকা :**

১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করিবে এবং কলাম ৬, ৭ ও ৮ দরপত্রদাতা পূরণ করিবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয়, তাহা হইলে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বতোভাবে সরবরাহের পরিবহণ খরচ, বিমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত থাকিবে।

## আবশ্যিক পণ্যের কারিগরি বিনির্দেশ

| আইটেম নম্বর | আইটেমের বিবরণ | চাহিত কারিগরি বিনির্দেশ এবং মান | | প্রস্তাবিত কারিগরি বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | প্রস্তুতকারক এবং মডেল **(Make and Model)** |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ | ৫ | ৬ |
| ১ | 12 Channel Electrocardiograph (ECG) Machine for Cardiology Department, complete with required accessories and related services, as per approved technical specifications. | 1. | The system should be Microprocessor augmented automatic electrocardiograph; 10-lead wire acquisition with programmable lead. | | | |
| | | 2. | System should have Age and gender specific ECG interpretation | | | |
| | | 3. | System should provide 12-lead analysis includes measurements | | | |
| | | 4. | System should be able to store 300 or more records consisting of 10 second. | | | |
| | | 5. | System should have 200 minutes Digital Rhythm or Full Disclosure records | | | |
| | | 6. | System should have Common mode >125 dB (>100 dB with AC filter disabled rejection and Input impedance >50MΩ @ 10 Hz.And Patient leakage <10 μA | | | |
| | | 7. | System should have Defibrillation protection as per IEC 60601-2-25:2011. | | | |
| | | 8. | system should have Over sampled rate: 512 ksps. Pacemaker-Sample rate: 75 ksps | | | |
| | | 9. | System should have inbuilt thermal printer A4 size. | | | |
| | | 10. | System should have Writer speeds 5, 12.5, 25, and 50 mm/s. | | | |
| | | 11. | System should have Battery capacity 180 or more minutes with acquiring and printing a single page ECG report every 15 min | | | |
| | | 12. | System should have minimum Display of 8.9” diagonal. Capacitive (PCAP) multipoint touch input that works while wearing medical exam gloves. | | | |
| | | 13. | System should have Smart Lead technology – Smart Lead Technology automatically detects a newly connected patient, eliminating mix-ups | | | |

| আইটেম নম্বর | আইটেমের বিবরণ | চাহিত কারিগরি বিনির্দেশ এবং মান | | প্রস্তাবিত কারিগরি বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | প্রস্তুতকারক এবং মডেল **(Make and Model)** |
|---|---|---|---|---|---|---|
| | | 14. | system should have Auto-ECG algorithm – Immediately capture and display the first clean, high-quality ECG. | | | |
| | | 15. | System should have External archiving USB removable media. | | | |
| | | 16. | System should have LAN facility for PDF export to network shared folders | | | |
| | | 17. | System should be able to review up to 5 minutes of 12 Lead ECG, ability to select 10 second Resting ECG records, ability to generate 5-minute single lead full disclosure report. | | | |
| | | 18. | System should have provision to Send data to shared folder or SFTP destination of your choice easily by exporting via PDF or XML. | | | |
| | | 19. | System should have Critical values are highlighted on ECG reports. Event detections & Customizable thresholds for multiple ECG measurements must be incorporated in report | | | |
| | | 20. | System should have Enhanced Hook up Advisor using patient map for guiding to a clean, high-quality waveform. | | | |
| | | 21. | System should be European CE /US FDA approved | | | |
| | | 22. | ECG Acquisition bandwidth should be 0.04Hz to 300Hz | | | |
| | | 23. | The system should have password protected user logins | | | |
| | | 24. | System should also support Advanced secure logins using LDAP | | | |

| আইটেম নম্বর | আইটেমের বিবরণ | চাহিত কারিগরি বিনির্দেশ এবং মান | | প্রস্তাবিত কারিগরি বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | প্রস্তুতকারক এবং মডেল **(Make and Model)** |
|---|---|---|---|---|---|---|
| | | 25. | **Scope of Supply with each machine:**<br>a. ECG machine (With Built-in A4 Thermal Printer)- 01 No<br>b. Interpretation and Measurements- 01 No<br>c. LAN Facility for PDF report transfer to Network Shared folder- 01 No<br>d. Auto-ECG algorithm for quick capture of the first clean & high-quality ECG- 01 No<br>**e. Critical Values feature for highlighting the parameters beyond the limits- 01 No**<br>f. A4 Thermal ECG paper- 1 Pack<br>g. Power cord- 01 No<br>h. Patient cable, chest bulb electrodes-1 set, Limb clamp electrodes-1 set<br>i. Trolley- 01 No | | | |
| | | 26. | **Quality: CE & US FDA approved** | | | |

*পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য*

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | 27. | **Warranty & Support Requirements:**<br>1. Minimum **01 (one) year warranty** on the main machine.<br>2. Installation and on-site user training must be provided free of charge by the supplier.<br>3. Supplier must have a **local service facility** and provide free after-sales service during the warranty period.<br>4. The supplier should offer an **optional Annual Maintenance Contract (AMC)** after warranty expiration. | | | |
| | | 28. | **Compliance:**<br>The bidder must clearly state **model**, **brand**, **manufacturer**, **country of origin**, **country of shipment**, and provide documentary proof of **regulatory certifications (US FDA and CE).** | | | |

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উল্লিখিত কারিগরি বিনির্দেশ ও মান অনুযায়ী সরবরাহ করিব।

| | |
|---|---|
| **সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর** | তারিখ : দিন/মাস/বৎসর |
| **দরপত্রদাতার নামঃ** | |

টীকা :

১। কলাম ১, ২ ও ৩ ক্রয়কারী এবং কলাম ৪, ৫ ও ৬ দরপত্রদাতা পূরণ করিবে।

২। বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করিবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ ও প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক ও স্পষ্ট বিনির্দেশ হইল কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করিতে হইবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করিতে হইবে। বিনির্দেশে উল্লিখিত পণ্যে অন্তর্ভুক্ত সকল আইটেম, দ্রব্যাদি ও আনুষঙ্গিক উপকরণ অবশ্যই নূতন, অব্যবহৃত ও সাম্প্রতিকতম বা চলতি মডেলের হইতে হইবে এবং নকশা ও পণ্যে সকল সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হইবে।

৩। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সহিত সামঞ্জস্যপূর্ণ হইবে, যাহা এই দলিলে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। দরপত্রদাতা প্রস্তাবিত পণ্যের প্রস্তুতকারক ও মডেল (যাহা প্রযোজ্য) উল্লেখ করিবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল মুদ্রিত বিবরণ (Brochures) (সহজে পাওয়া না গেলে অনুলিপি) সংযুক্ত করিবে।

# <u>পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলি</u>

১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এইখানে বর্ণিত শর্তাবলি ক্রয়কারী ও সরবরাহকারী মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৩। ক্রয় আদেশ জারি হইবার **০৫ (পাঁচ)** কার্যদিবসের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলি অনুযায়ী সার্বিকভাবে সরবরাহ সমাপ্ত করিতে হইবে।

৪। ক্রয়কারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা গ্রহণ করিতে বিলম্ব করিলে অথবা কোনো দৈব দুর্ঘটনা/অনিবার্য পরিস্থিতি (Force Majeure) সংঘটিত হইলে অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসংগত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের জন্য বর্ধিত সময় প্রাপ্তির অধিকার থাকিবে।

৫। চুক্তির অধীন সরবরাহকৃত সকল পণ্য পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে সর্বদা ক্রয়কারী কর্তৃক গঠিত **"প্রযুক্তিগত পরীক্ষা ও গ্রহণ কমিটি"**র (TEAC: Technical Examination and Acceptance Committee) নিকট উন্মুক্ত থাকবে।

৬। ক্রয়কারী কারিগরি বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করিবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে অবহিত করিবে।

৭। যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, তাহা হইলে ক্রয়কারী যথাযথ কারণ উল্লেখপূর্বক সরবরাহকারীকে নোটিশ প্রদান করিয়া সরবরাহ বাতিল করিতে পারিবে।

৮। সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরূপ অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকিবে।

৯। অন্য কোথাও যাহা কিছুই থাকুক না কেন, মূল্য তফসিল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটি পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের ভিত্তিতে মূল্য পরিশোধ করা হইবে। সরবরাহের চালান জমা ও গ্রহণের পর পণ্য ও সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হইবে।

১০। সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি ও প্রযোজ্য আইনের অধীন অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১১। মোট চুক্তি-মূল্য **[অংকে] [কথায় ]** টাকা।

১২। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হইতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ প্রযোজ্য হইবে [মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হইলে 'নাই' উল্লেখ করুন] ।

১৩। চুক্তির অধীনে চূড়ান্ত অর্থপ্রদান হতে ক্রয়কারী প্রতিষ্ঠান ইনভয়েসের মোট টাকার পাঁচ (৫) শতাংশ রিটেনশন মানি হিসেবে সংরক্ষণ বা কর্তন করবে। এই রিটেনশন মানি ক্রয়কারী প্রতিষ্ঠানের কাছে ওয়ারেন্টি মেয়াদকালে যেকোনো দাবি নিষ্পত্তির জন্য সংরক্ষিত থাকবে।

১৪। সরবরাহকারী "পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫"-এর বিধি ৫৫(৮) অনুসারে ওয়ারেন্টি, বিক্রয়োত্তর সেবা এবং অন্যান্য সম্পর্কিত দায়-দায়িত্ব পালনে বাধ্য থাকবে।

১৫। সরবরাহকারী নিজ, তার শ্রমিক বা কর্মচারী, ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মকর্তা-কর্মচারী বা তৃতীয় পক্ষের জীবন বা সম্পদের ক্ষতি হলে, ক্রয়কারী প্রতিষ্ঠানকে ক্ষতিপূরণ ও দায়মুক্ত রাখবে এবং প্রয়োজনীয় সকল দায়িত্ব নিজ ব্যয়ে সম্পাদন করবে।

১৬। সরবরাহকৃত পণ্য সংক্রান্ত কোনো দাবি উত্থাপিত হলে, তার নিষ্পত্তি সরবরাহকারী নিজ দায়িত্ব ও ব্যয়ে সম্পন্ন করবে।

১৭। ওয়ারেন্টি (Warranty) সময়সীমার মধ্যে সরবরাহ ও সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হইলে, সরবরাহকারী নিজ খরচে তা মেরামত বা প্রতিস্থাপন করিবে।

১৮। কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি ও সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নহে।

১৯। ক্রয়কারী প্রয়োজন হইলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করিয়া পরবর্তীকালে চুক্তির শর্তাবলির সংশোধন করিতে পারিবে।

২০। ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করিয়া যেকোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করিতে পারিবে, যদি সরবরাহকারী—

ক) তফসিলে নির্ধারিত সময় ও বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ করিতে ব্যর্থ হয়;

খ) পণ্য ও সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোনো কর্মকাণ্ডে জড়িত থাকে; এবং

গ) চুক্তির অধীন অন্য কোনো বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হয়।

২১। এই চুক্তি বা উহার ব্যাখ্যা হইতে উদ্ভূত, বা তৎসম্পর্কে সম্ভাব্য সকল বিরোধ সমঝোতার মাধ্যমে আপস-মীমাংসার জন্য ক্রয়কারী ও সরবরাহকারী সর্বোচ্চ প্রচেষ্টা করিবে।

২২। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১৪৯ অনুসারে দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তি ও প্রতিবন্ধকতা সংক্রান্ত কর্মকাণ্ডের বিধান সম্পর্কে সরবরাহকারী অবগত ও দায়ী থাকিবে।

| | |
|---|---|
| ক্রেতার পক্ষে: | সরবরাহকারীর পক্ষে: |
| **মোঃ ইসমাইল হোসেন**<br>(সাবেক অতিরিক্ত সচিব)<br>**প্রশাসক**<br>বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ : | তারিখ : |